গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৮.১৯.১৫০

তারিখ: ১১ ভাদ্র ১৪২৬
২৬ আগস্ট ২০১৯

বিষয়: **রিট পিটিশন নং-২৫৭৭/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২৮.০৪.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব আবুল কাশেম, পিতা: মো: মোবারক আলী, গ্রাম: পিপড়া কালনা, থানা: তানোর, জেলা: রাজশাহী এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৫৭৭/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটিতে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ০১ নং রেসপনডেন্ট; সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ০২ নং রেসপনডেন্টসহ মোট ১৬ (ষোল) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৩. রিট পিটিশন নং-২৫৭৭/২০১৯ মামলায় "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮" এর ১১.৬ অনুচ্ছেদ; "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮" এর ১১.৬ অনুচ্ছেদ; "বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮" এর ১৪.৭ অনুচ্ছেদ; "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮" এর ১৪.৬ অনুচ্ছেদ কে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের করা হয়েছে।

০৪. "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮" এর ১১.৬ অনুচ্ছেদটি নিম্নরূপ:

"বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীদের চাকুরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। তবে সমপদে বা উচ্চতর পদে নিয়েগের ক্ষেত্রে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/ শিক্ষক-কর্মচারিকে কোন অবস্থাতেই পূন: নিয়োগ বা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবেনা।"

০৫. মামলাটি বাংলাদেশ সরকারের একটি জনগুরুত্বপূর্ণ বিষয় সংক্রান্তে। সে কারণে মামলাটি বিষয়ে সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) আদালতে দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনা করে রিট পিটিশন নং-২৫৭৭/২০১৯ মামলায় সরকার পক্ষে যথাযথ জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬-৮-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

এ্যাডভোকেট এস.কে শফিক মাহমুদ পুষ্প, বিজ্ঞ
আইনজীবি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, চেম্বার নং-বি-১,
ষষ্ঠ ফ্লোর, ২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণি,
বিজয় নগর, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৮.১৯.১৫০/১(৭)

তারিখ: ১১ ভাদ্র ১৪২৬
২৬ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২৬-৮-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)